

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৪৫৮

৩/ কিতাবুল বিতর (বিতর নামায) (كتاب الوتر)

পরিচ্ছেদঃ ৫. বিতর নামায সাত রাক'আত আদায় করা

باب مَا جَاءَ فِي الْوِتْرِ بِسَبْعِ

আরবী

حَدَّثَنَا هَنَّادٌ، حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ، عَنِ الأَعْمَشِ، عَنْ عَمْرِو بْنِ مُرَّةَ، عَنْ يَحْيَى بْنِ الْجَزَّارِ، عَنْ أُمِّ سَلَمَةَ، قَالَتْ كَانَ النَّبِيُّ صلى الله عليه وسلم يُوتِرُ بِثَلاَثَ عَشْرَةَ رَكُعَةً فَلَمَّا كَبِرَ وَضَعُفُ أَوْتَرَ بِسَبْعٍ . قَالَ وَفِي الْبَابِ عَنْ عَائِشَةَ . قَالَ أَبُو عِيسَى حَديثُ أُمِّ سَلَمَةَ حَديثٌ حَسَنٌ . وَقَدْ رُوِيَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم الْوِتْرُ بِثَلاَثَ عَشْرَةَ وَإِحْدَى عَشْرَةَ وَتِسْعٍ وَسَبْعٍ وَخَمْسٍ وَثَلاَثُ وَوَاحِدَةٍ . قَالَ إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ مَعْنَى مَا رُوِيَ أَنَّ لَيْبِيَّ صلى الله عليه وسلم كَانَ يُوتِرُ بِثَلاَثَ عَشْرَةَ قَالَ إِنَّمَا مَعْنَاهُ أَنَّهُ كَانَ يُصلِي مِنَ النَّبِيَّ صلى الله عليه وسلم كَانَ يُوتِرُ فَنُسِبَتْ صَلَاةُ اللَّيْلِ إِلَى الْوِتْرِ . وَرَوَى فِي ذَلِكَ حَديثًا اللَّيْلِ ثَلاثَ عَشْرَةَ وَاحْتَجَ بِمَا رُويَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّهُ قَالَ " أَوْتِرُوا يَا أَهْلَ عَنْ عَائِشَةَ وَاحْتَجَ بِمَا رُويَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّهُ قَالَ " أَوْتِرُوا يَا أَهْلَ عَنْ النَّيْلِ يَقُولُ إِنَّمَا قِيَامُ اللَّيْلِ يَقُولُ إِنَّمَا عَنَى بِهِ قِيَامَ اللَّيْلِ يَقُولُ إِنَّمَا قِيَامُ اللَّيْلِ عَلَى أَصْحَابِ الْقُرْآنِ " . قَالَ إِنَّمَا عَنَى بِهِ قِيَامَ اللَّيْلِ يَقُولُ إِنَّمَا قِيَامُ اللَّيْلِ عَلَى أَصْحَابِ الْقُرْآنِ . . قَالَ إِنَّمَا عَنَى بِهِ قِيَامَ اللَّيْلِ يَقُولُ إِنَّمَا قِيَامُ اللَّيْلِ عَلَى أَصْحَابِ الْقُرْآنِ . .

বাংলা

৪৫৮। উম্মু সালামাহ (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তের রাকাআত বিতর আদায় করতেন। যখন তিনি বার্ধক্যে পৌছলেন এবং দুর্বল হয়ে পড়লেন তখন সাত রাকাআত বিতর আদায় করেছেন। -সনদ সহীহ।

এ অনুচ্ছেদে আয়িশাহ (রাঃ) হতেও হাদীস বর্ণিত আছে। আবু ঈসা বলেনঃ উম্মু সালামার হাদীসটি হাসান। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বিতরের নামায তের, এগার, নয়, সাত, পাঁচ, তিন এবং এক রাকাআত বর্ণিত আছে। ইসহাক ইবনু ইবরাহীম বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে তের রাকাআত বিতর আদায়ের যে বর্ণনা রয়েছে তার তাৎপর্য হল, রাতের বেলা তিনি (তাহাজ্জুদসহ) তের রাকাআত বিতর আদায় করতেন। এজন্যই রাতের নামাযকে বিতর বলা হয়েছে (বিতরের নামায বলা হয়নি)। এ প্রসংগে 'আয়িশাহ (রাঃ)-এর একটি হাদীস বর্ণিত আছে। ইসহাক বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ হে কুরআনের ধারকগণ!



বিতর আদায় কর। এই বলে তিনি রাতের নামায বুঝিয়েছেন। অর্থাৎ তিনি (ইসহাক) এর অর্থ করেছেন, হে কুরআনের ধারকগণ রাতে দাঁড়ানো (নামায আদায় করা) জরুরী।

English

Umm Salamah narrated:

"The Prophet would perform Witr with thirteen [Rak'ah]. When he was older and became weak he performed Witr with seven."

ফুটনোট

৪৫৮ নাম্বার হাদিস ৪৫৭ নাম্বার হাদিসের অনুরূপ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ উম্মু সালামাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন